দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 MAR 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৩

50

## ডাকসু নির্বাচন

# ছাত্রঐক্যের একক নির্বাচনের সিদ্ধান্ত

ইলিয়াস খান

ডাকসু নির্বাচনে গণতান্ত্রিক ছাত্রঐক্যের এককভাবে অংশগ্রহণের সিদ্ধান্ত ছাত্রদল, ছাত্রলীগ (ম-ই)'র নির্বাচনী কৌশল পাল্টে দিয়েছে। এ সিদ্ধান্তের ফলে সংগঠন দু'টোকে নতুনভাবে নির্ধারণ করতে হচ্ছে নির্বাচনী কৌশল। নির্বাচনের তারিখ ঘোষণার পরই ছাত্রলীগ (ম-ই) ও গণতান্ত্রিক ছাত্রঐক্যের মধ্যে বৃহত্তর ঐক্যের চিন্তা-ভাবনা করা হয়। কিন্তু ছাত্রএক্যভুক্ত কয়েকটি সংগঠনের প্রবল আপত্তির কারণে ঐক্য হয়নি। বুধবার ছাত্রঐক্য এক সভায়

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## ছাত্রঐক্যের একক

(প্রথম পাতার পর)

এককভাবে ডাকসু নির্বাচনে অংশগ্রহণের চূড়ান্ত সিদ্ধান্ত নেয়। ছাত্রঐক্যের এই সিদ্ধান্তর ফলে নতুন করে সক্রিয় হয়ে উঠেছে বিভিন্ন সংগঠনের নির্বাচন উপলক্ষে গঠিত কমিটিগুলো।

আগামী ২০ মার্চ মনোনয়নপত্র বিতরণ শুরুর আগেই এ কমিটি নিশ্চিত করতে চাচ্ছে প্রার্থীদের তালিকা। এবারের ডাকসু নির্বাচনকে ক্ষমতাসীন বিএনপি ও বিরোধীদল আওয়ামী লীগ জাতীয় নির্বাচনের মতো গুরুত্ব দিচ্ছে। এ কারণেই নির্বাচন উপলক্ষে ছাত্রদলের সার্বিক অবস্থা তত্ত্বাবধানের জন্য গঠন করা হয়েছে ৪টি কমিটি। কমিটিগুলো হচ্ছে উপদেষ্টা কমিটি, পরিচালনা কমিটি, তদারকী কমিটি ও লিয়াজোঁ কমিটি। এ কমিটিতে রয়েছেন কয়েকজন মন্ত্রী, বিএনপির শীর্ষস্থানীয় নেতা, প্রাক্তন ছাত্রদল নেতা ও বর্তমান ডাকসু ভিপি ও সাধারণ সম্পাদক।

প্রায় প্রতিদিন বৈঠক করছে এ কমিটিগুলো। জানা গেছে, লিয়াজোঁ কমিটি ছাত্রদলের ক্যাম্পাস বিতাড়িত ইলিয়াস গ্রুপকে আপোস-মীমাংসার মাধ্যমে ফিরিয়ে আনার চেষ্টা চালাচ্ছে। ছাত্রলীগ (ম-ই)'র নির্বাচন পরিচালনার জন্য গঠন করা হয়েছে পর্যালোচনা কমিটি। চার সদস্যবিশিষ্ট এ কমিটিতে রয়েছেন ছাত্রলীগের সাবেক সভাপতি ওবায়দুল কাদের, ডাকসুর সাবেক তিন ভিপি মাহমুদুর রহমান মান্না, আক্তারউজ্জামান ও সুলতান মোহাম্মদ মনসুর

[illegible]